

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

২০১৮ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি (HSC) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত
জরুরী বিজ্ঞপ্তি
তারিখ : ১৮/১০/২০১৭ খ্রি.

২০১৮ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশনে আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী আবেদন ফরমসহ নির্ধারিত ফি জমা দিয়ে রেজিস্ট্রেশন ফরম পূরণের নির্দেশ দেয়া হলো।

ফরম জমাদানের তারিখ

১৮/১০/২০১৭ হতে ২৬/১০/২০১৭ তারিখ (ছুটির দিন ব্যতিত)
প্রত্যেক সকাল ১০টা হতে ২টা পর্যন্ত।

- ১। নিয়মাবলী : রেজিস্ট্রেশন ফি জমাদানের রশিদ প্রদর্শন করে কলেজ অফিস হতে তালিকাভুক্তির ফরম সংগ্রহ এবং যথাযথ ভাবে পূরণ পূর্বক নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে।
- (ক) ২০১৩ সালে ও তার পূর্বে SSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী এবং ২০১৮ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০১৩ বা তৎপূর্ববর্তী বৎসরে এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদেরকে মূল প্রবেশপত্র জমা দিতে হবে।
- (খ) প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশনকারী পরীক্ষার্থীগণ ২০১৮ সালের পাঠসূচী অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- (গ) শিক্ষক, পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীতে চাকুরীর ব্যক্তি এবং শারীরিক কিংবা দৃষ্টি প্রতিবন্ধী ব্যতিত অন্যান্য সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীকে বোর্ডের নির্ধারিত তারিখে কলেজে অনুষ্ঠিতব্য নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- (ঘ) ১৯৯৫ সালের পূর্বে SSC পরীক্ষায় উত্তীর্ণদের মূল মার্কশীট সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে।
- (ঙ) ১৯৯৯ সালের পূর্বে যারা দাখিল পাস করেছে তাদেরকে মূল মার্কশীট সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং নম্বর পত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।
- (চ) কারিগরি শিক্ষা বোর্ড এবং উনুজ্ঞ বিশ্ববিদ্যালয় থেকে SSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক মূল নম্বর পত্রের অপর পৃষ্ঠায় Verified and Found Correct লেখাসহ স্বাক্ষর থাকতে হবে।

আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজী এবং তথ্য ও প্রযুক্তি (সকলের জন্য)।

নৈবাচনিক বিষয় :

মানবিক বিভাগ : অর্থনীতি ও পৌরনীতি+ইতিহাস/ ইসলামের ইতিহাস/যুক্তিবিদ্যা-এ তিনটি বিষয়ের যে কোন ১টি।

ব্যবসায় শিক্ষা বিভাগ : অর্থনীতি, হিসাববিজ্ঞান এবং ব্যবসায় নীতি ও প্রয়োগ।

২। ফি এর পরিমাণ : ৫৮৫/- (পাঁচশত পঁচাশি) টাকা।

(তালিকাভুক্তি ফি- ১০০/-, নির্বাচনী পরীক্ষা ফি- ৪০x৬ = ২৪০/-, রেজিস্ট্রেশন ফি- ১২০/-, ব্যবস্থাপনা ফি- ৫০/- এবং যোগাযোগ ফি- ৭৫/-)

৩। যে সমস্ত কাগজপত্র সংযুক্ত হবে :

- (ক) SSC/সমমান পরীক্ষার মূল সনদ ও মূল নম্বর পত্র এবং উভয়ের ফটোকপি (২ কপি করে) সত্যায়িত ছাড়া।
- (খ) গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চরিত্রিক সনদ পত্র, শিক্ষা বিরতির ক্ষেত্রে SSC পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর কোন শিক্ষা প্রতিষ্ঠানে গত ০২ (দুই) বছর অধ্যয়ন করে নাই, বহিস্কার হয়নি অথবা হয়ে থাকলেও মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০১৭ সালের জন্য HSC/সমমান পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি- এ মর্মে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি ও ট্রান্সপ সাইজের ০৩ কপি রসদ ছবি জমা দিতে হবে। পাসপোর্ট সাইজের ছবির সম্মুখভাগের উপরে প্রার্থীর নাম লিখতে হবে।
- (ঘ) শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ ০৩ (তিন) বছর পূর্ণ হয়েছে, এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সীল ও স্বাক্ষর যুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।
- (ঙ) পুলিশ ও প্রতিরক্ষা প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে ০১ (এক) বছর যাবৎ সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার সীল ও স্বাক্ষর যুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।

বিঃ দ্রঃ যারা রেজিস্ট্রেশন ফি জমা দিয়ে তালিকাভুক্ত হবে তাদেরকে রেজিস্ট্রেশন সংক্রান্ত SIF/eSIF পূরণের জন্য টাকা জমাদানের রশিদসহ আগামী ২৯/১০/২০১৭ তারিখে অবশ্যই কলেজে উপস্থিত হতে হবে। অন্যথায় তাদের রেজিস্ট্রেশন সংক্রান্ত সমস্যার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৪। উচ্চ মাধ্যমিক প্রাইভেট রেজিস্ট্রেশন শুধু একটি পরীক্ষার জন্য বলবৎ থাকবে।

১৮/১০/১৭

অধ্যক্ষ
১৮/১০/১৭

ঠাকুরগাঁও সরকারি কলেজ
ঠাকুরগাঁও।